যুগান্তর

তারিখ 19 MAY 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# নকলবাজি ও সন্ত্রাসের জন্য শিক্ষক-অভিভাবক উভয়েই দায়ী : মিলন

কুমিল্লা প্রতিনিধি

শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বলেছেন, শিক্ষকরা নকল প্রতিরোধে সচেষ্ট থাকলে শিক্ষা ব্যবস্থায় নকল থাকত না। সন্ত্রাসী সৃষ্টির জন্য শিক্ষক ও অভিভাবক উভয়ই সবার আগে দায়ী। গতকাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ব্যবস্থাপনায় বার্ড কুমিল্লা মিলনায়তনে অনুষ্ঠিত নকলবিরোধী এক মতবিনিময় সভায় তিনি একথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে।

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শফিউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বার্ডের মহাপরিচালক সেকান্দর আলী মণ্ডল, কুমিল্লার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এএসএম ফয়সল আলম, পুলিশ সুপার এবি সিদ্দিক মজুমদার, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. আশরাফুল ইসলাম, কুমিল্লা ক্যাডেট কলেজের অধ্যক্ষ এএম আমজাদ হোসেন, কুমিল্লা ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজের অধ্যক্ষ লে. কর্নেল দেলোয়ার হোসেন, কুমিল্লা অজিত গুহ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মোঃ আবদুর রউফ, লক্ষ্মীপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর আলীমুদ্দিন প্রমুখ।